গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

**নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০০৯.২৬.৩৬৮

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **Introduction to Budget Management (IBM) বিষয়ক ৫৮ ও ৫৯তম ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কর্মরত প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক আয়োজিত ০৫ কর্মদিবস মেয়াদী Indtroduction to Budget Management (IBM) বিষয়ক ০২ (দুই) টি ব্যাচের প্রশিক্ষণ নিম্নোক্ত সময় অনুযায়ী আইপিএফ, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে:

| ক্রম | প্রশিক্ষণের নাম | ব্যাচ নম্বর | সময় |
|---|---|---|---|
| ১. | Introduction to Budget Management (IBM) | ৫৮তম | ২০-২৪ সেপ্টেম্বর, ২০২৬ |
| ২. | | ৫৯তম | ২৮ সেপ্টেম্বর হতে ০৪ অক্টোবর, ২০২৬ |

০২। **কোর্স সংক্রান্ত তথ্য:**

(ক) **প্রশিক্ষণার্থীর পর্যায়:** প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা অথবা সমপর্যায়ের শুধুমাত্র ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তা;

(খ) বিগত ০৫ (পাঁচ) বছরে উক্ত কোর্সে অংশগ্রহণ করেছেন এমন কর্মকর্তা এ কোর্সে মনোনয়নের জন্য বিবেচিত হবেন না;

(গ) বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে এ কোর্সে অগ্রাধিকার প্রদান করা হবে;

(ঘ) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে প্রতি ব্যাচের জন্য ০১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা যেতে পারে; এবং

(ঙ) **বর্ণিত কোর্সের প্রতি ব্যাচে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ০৫ (পাঁচ) জন প্রশিক্ষণার্থীকে বিশেষ প্রণোদনা প্রদানের ব্যবস্থা রয়েছে।**

০৩। বর্ণিত বিষয়ে ০২ (দুই) টি ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে পূর্বে এ কোর্সে অংশগ্রহণ করেননি এমন আগ্রহী প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সমপর্যায়ের কর্মকর্তাবৃন্দের মনোনয়ন (নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যসহ) **আগামী ১০ সেপ্টেম্বর, ২০২৬** তারিখের মধ্যে সরাসরি সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ), অর্থ বিভাগ (ভবন নং-১১, লেভেল-১৬, কক্ষ নং- ১৭১৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকা অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

**প্রশিক্ষণার্থী মনোনয়ন ছক:**

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও শাখাসহ দপ্তরের পুর্ণ ঠিকানা | **প্রার্থীর এনআইডি নম্বর (আবশ্যিক)** | মোবাইল নম্বর ও ই-মেইল |
|---|---|---|---|
| ১. | | | |

০৪। উল্লেখ্য যে, মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। চূড়ান্ত মনোনয়ন আদেশ কোর্স শুরুর পূর্বে অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) প্রকাশ করা হবে।

২৫-০৮-২০২৬
মো: মাহবুবুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০১৩১৪
ইমেইল : trainingsection.fd@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, প্রশাসন ও পরিকল্পনা, অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ।
৭। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। উপসচিব, প্রশাসন অধিশাখা-২, অর্থ বিভাগ।
৯। সচিবের একান্ত সচিব (উপসচিব), অর্থ বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (পত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।